



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬২২৭/৪৫৮

তারিখ : ২১-১২-২০২৩ খ্রি.

বিষয় : কারণ দর্শানো জবাব দাখিল প্রসঙ্গে।

সূত্র : ক) গত ১৬-১০-২০২৩ খ্রি. তারিখে বিঅ-৬/৬২২৭/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৪৯০২ নং স্মারকপত্র।

খ) উপজেলা নির্বাহী অফিসার, মনিরামপুর, যশোর-এর ২২-১১-২০২৩ খ্রি. তারিখে ০৫.৪৪.৪১৬১.০০০.০৯.০৩২.২৩-৬০৬ নং স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্রেষ্ঠিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার মনিরামপুর উপজেলাধীন মধুপুর বাহাদুরপুর মাধ্যমিক বিদ্যালয়ের চলমান ম্যানেজিং কমিটির সভাপতি জনাব শিমুল গাজী, পিতা : মোঃ আবুল হাশেম-এর বিরুদ্ধে গত ১৫-১০-২০২৩ খ্রি. তারিখে জনাব মোঃ নিছার আলী গং ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফিসসহ একটি অভিযোগ দাখিল করলে গত ১৬-১০-২০২৩ খ্রি. তারিখে বিঅ-৬/৬২২৭/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৪৯০২ নং স্মারকপত্রে উপজেলা নির্বাহী অফিসার, মনিরামপুর, যশোর-কে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য পত্র প্রদান করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। তদন্ত প্রতিবেদনে নিম্নোক্ত বিষয়গুলো উল্লেখ করেছেন;

গত ২৯-০৮-২০২২ খ্রি. তারিখে দায়িত্ব গ্রহণের পর শুন্য পদের বিপরীতে নিয়োগ সংক্রান্ত বিষয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ মোহসীন হোসেন-কে অর্থ আত্মসাতের অভিযোগে সাময়িক বরখাস্ত করেন।

গত ০১-১০-২০২৩ খ্রি. তারিখে প্রধান শিক্ষক জনাব মোঃ মোহসীন হোসেন বাড়ী ফেরার পথে তার কাছ থেকে আপনিসহ আপনার অনুসারীরা তার ব্যাগে থাকা প্রয়োজনীয় কাগজপত্র ছিনিয়ে নিয়েছেন এবং একই তারিখে বিদ্যালয়ের অফিস সহকারী জনাব মোঃ আজিজুর রহমান-কে প্রতিষ্ঠানের বাইরে ও ভিতরে শিক্ষার্থী ও শিক্ষকদের সামনে মারধর করেছেন। যার কারণে শিক্ষার্থী, শিক্ষক মন্ডলী ও এলাকাবাসীর মধ্যে নেতিবাচক প্রভাব ও ভীতিকর পরিবেশ সৃষ্টি হয়েছে যা একজন দায়িত্বশীলের কাছ থেকে কাম্য নয়। এতে করে শিক্ষার পরিবেশ মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে বলে তদন্ত কর্মকর্তার কাছে প্রতিয়মান হয়েছে।

প্রবিধানমালা-২০০৯ এর ২(ঝ) ও ৩(খ) ধারা অনুসারে একটি মাধ্যমিক স্তরের কোনো বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালিত হতে পারে কেবলমাত্র ম্যানেজিং কমিটির মাধ্যমে। আপনি ম্যানেজিং কমিটির সভাপতি হয়ে প্রবিধানমালা-২০০৯ এর ২(ঝ) ও ৩(খ) ধারা সুস্পষ্ট লঙ্ঘন করেছেন।

প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ১১(গ) ধারা অনুযায়ী কোন ব্যক্তি গভর্ণিং বডির বা, ক্ষেত্রমত, ম্যানেজিং কমিটির সদস্য হইতে বা সদস্য হিসাবে থাকিতে পারিবেন না, যদি তিনি “সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের স্বার্থ বিরোধী বা ইহার সুনাম নষ্ট হয় এরূপ কোন কর্মকাণ্ডে অংশগ্রহণ করেন অথবা কোনোভাবে উহাতে সহায়তা প্রদান করেন”।

এমতাবস্থায়, উপজেলা নির্বাহী অফিসার, মনিরামপুর, যশোর-এর ২২-১১-২০২৩ খ্রি. তারিখে ০৫.৪৪.৪১৬১.০০০.০৯.০৩২.২৩-৬০৬ নং স্মারকপত্রের তদন্ত প্রতিবেদন এবং এস, আর, ও নং ১৫৩/আইন/২০০৯ এর ২(ঝ) ও ৩(খ) ও ১১(গ) ধারা লঙ্ঘন করায় কেন আপনার নিজ দায়িত্ব (সভাপতি) হতে অব্যাহতি দেয়া হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জনাব শিমুল গাজী
সভাপতি
মধুপুর বাহাদুরপুর মাধ্যমিক বিদ্যালয় (১১৬১৪০)
মধুপুর বাজার, মনিরামপুর, যশোর

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন নম্বর-০২৪৭৭৬২৭০৫

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬২২৭/৪৫৮

তারিখ : ২১-১২-২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মনিরামপুর, যশোর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনিরামপুর, যশোর।
- ৫। সংরক্ষণ নথি।

২১/১২/২০২৩
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

২১/১২/২৩